দৈনিক সংবাদ

তারিখ ... 23 DEC 1990 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৭ ...

41

# সিটি কলেজ বন্ধ ঘোষণা

সন্ত্রাস এবং অনিশ্চিত পরিস্থিতির জন্য ঢাকা সিটি কলেজ বন্ধ ঘোষণা করা হয়েছে।

কলেজের অধ্যক্ষ স্বাক্ষরিত এক

(শেষ পৃঃ ৫–এর কঃ দ্রঃ)

## সিটি কলেজ

(১ম পাতার পর)

সংবাদ বিজ্ঞপ্তিতে গতকাল শনিবার এই ঘোষণা দেয়া হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গতকাল শনিবার সকাল সাড়ে ১১টায় আকস্মিকভাবে কতিপয় বহিরাগত দুষ্কৃতিকারী কলেজ অধ্যক্ষের কক্ষে ঢুকে শিক্ষকদের সামনে অধ্যক্ষকে পিস্তল দেখিয়ে ও বোমা ফাটিয়ে ভীতি প্রদর্শন করে। তারা কলেজে ভাঙচুর ছাড়াও বছরখানেক আগে শিক্ষানবিসি তিনজন বহিস্কৃত শিক্ষককে পুনরায় কাজে বহালের আদেশ অধ্যক্ষের দ্বারা জোর করে লিখিয়ে নেয়।

বিজ্ঞপ্তিতে উদ্ভূত পরিস্থিতির কারণে কলেজের সকল ক্লাস ও পরীক্ষা বন্ধ ঘোষণা করে কলেজের সুস্থ পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে সকল মহলের সহযোগিতা কামনা করা হয়।